

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯১৮

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - দেউলিয়া (দারিদ্র্য) হওয়া এবং ঋণীকে অবকাশ দান

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ كَعْبِ بْنِ مَالِكِ قَالَ: كَانَ مُعَاذُ بْنُ جَبَلِ شَابًا سَخِيًّا وَكَانَ لَا يُمْسِكُ شَيْئًا فَلَمْ يَزَلْ يُدَانُ حَتَّى أَغَرَقَ مَالَهُ كُلَّهُ فِي الدَّيْنِ فَأْتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ يُمْسِكُ شَيْئًا فَلَمْ يَزَلْ يُدَانُ حَتَّى أَغَرَقً مَالَهُ كُلَّهُ فِي الدَّيْنِ فَأْتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَلَّمَهُ لِيُكَلِّمَ غُرَمَاءَهُ فَلَوْ تَرَكُوا لِأَحَدٍ لَتَرَكُوا لِمُعَاذٍ لِأَجْلِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَم مَالَهُ حَتَّى قَامَ مُعَاذُ بِغَيْرِ شَيْءٍ. رَوَاهُ سَعِيد فِي سنَنه مُرْسلا

বাংলা

২৯১৮-[২০] 'আব্দুর রহমান ইবনু কা'ব ইবনু মালিক (রাঃ) বলেন, মু'আয ইবনু জাবাল তরুণ দানশীল ছিলেন-কোনো কিছু গচ্ছিত রাখতেন না। এমনকি তিনি ঋণে দায়বদ্ধ হয়ে পড়লেন, ফলে তাঁর সমস্ত সম্পত্তি ঋণে নিমজ্জিত হয়ে গেল। এমতাবস্থায় তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে অনুরোধ করলেন-তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যেন তাঁর পাওনাদারগণের কাছে সুপারিশ করেন। পাওনাদারগণের পক্ষে প্রাপ্যের দাবি মাওকূফ করা যদি সম্ভব হতো, তবে অবশ্যই মু'আয-এর জন্য তা ছেড়ে দিতেন। কেননা, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুপারিশ করেছিলেন। পরিশেষে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) পাওনাদারগণের জন্য মু'আয (রাঃ)-এর সমস্ত সম্পত্তি বিক্রি করে দিলেন। এমনকি মু'আয(রাঃ) দেউলিয়া হয়ে পড়লেন। (সা'ঈদ তাঁর 'সুনান' গ্রন্থে মুরসালরূপে হাদীসটি বর্ণনা করেছেন)[1]

ফুটনোট

[1] য'ঈফ : প্রাগুক্ত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন